



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.pib.gov.bd

গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয়ে মাস্টার্স শিক্ষাবর্ষ: ২০২৫

ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৫ শিক্ষাবর্ষে ২ (দুই) বছর মেয়াদি মাস্টার্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরু করেছে। ভর্তির ক্ষেত্রে গণমাধ্যম ও সাংবাদিকতা পেশাসংশ্লিষ্ট প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা

সরকার অনুমোদিত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান/পাস কোর্স) অথবা সমমানের ডিগ্রিপ্ৰাপ্ত সকল ছাত্র/ছাত্রী উক্ত প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। তবে কোনো পরীক্ষাতেই তৃতীয় শ্রেণি অথবা সিজিপিএ ৫-এর মধ্যে ২.৫০ অথবা ৪-এর মধ্যে ২.২৫-এর নিচে গ্রহণযোগ্য নয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ে কোনো শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত শিক্ষার্থী এ কোর্সে ভর্তি হতে পারবেন না।

আবেদন প্রক্রিয়া

পিআইবি'র ওয়েবসাইট (pib.gov.bd/https://url-shortener.me/E0TX) থেকে ভর্তির আবেদনপত্র ডাউনলোড অথবা পিআইবি থেকে সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদন ফি ১,০০০/- (এক হাজার টাকা) পিআইবি'র হিসাব শাখায় জমা দিতে হবে (২ নং ভবনের দ্বিতীয় তলা)। পূরণকৃত ভর্তির আবেদনপত্র নিম্নে লিখিত কাগজসমূহ ও আবেদন ফি জমা দেওয়ার রসিদসহ পিআইবি'র অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের শিক্ষা শাখার দপ্তরে (২নং ভবনের ৪র্থ তলার ৪১০ নম্বর কক্ষ) জমা দিতে হবে। অথবা এই ঠিকানায় ই-মেইলে পাঠাতে হবে (education.pib@gmail.com)।

- সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্রের (এসএসসি/সম্মান, এইচএসসি/সম্মান, স্নাতক/সম্মান/পাস বা সম্মান) সত্যায়িত অনুলিপি
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি
- সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি
- আবেদন ফি জমার রসিদ
- চাকরির অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ (প্রযোজ্যক্ষেত্রে)।

অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদান করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ভর্তি পরীক্ষা

আবেদনকারীদের মধ্য থেকে যোগ্য প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে পিআইবি'র ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী লিখিত পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার নম্বর বন্টন:

বিষয়	নম্বর
বাংলা	১৫
ইংরেজি	১৫
গণমাধ্যম ও সাংবাদিকতা	২৫
সাধারণ জ্ঞান	১৫
মৌখিক পরীক্ষা	২০
গণমাধ্যম প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা	১০
মোট	১০০
সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট	

ভর্তি পরীক্ষার ফলাফল


ক. লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে।

খ. দুই বা ততোধিক আবেদনকারীর মেধা স্কোর সমান হলে গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয়ে পেশাগত অভিজ্ঞতার নম্বরের ভিত্তিতে মেধা স্কোর দেওয়া হবে। এরপরও মেধা স্কোর সমান হলে আবেদনকারীর স্নাতক পর্যায়ে পরীক্ষার প্রাপ্ত নম্বর অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ. প্রযোজ্য ক্ষেত্রে ভর্তির ফলাফলের সাথে প্রথম ও দ্বিতীয় অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে।

প্রয়োজনীয় তথ্যাদি:

আসন সংখ্যা (১ম পর্ব)	:	৫০ (পঞ্চাশ)
আবেদন শুরু	:	২৪ ফেব্রুয়ারি ২০২৬
আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ	:	১৫ মার্চ ২০২৬
মোট কোর্স ফি	:	৫৫,০০০ (পঞ্চাশ হাজার) টাকা
ভর্তির সময় এককালীন প্রদেয়	:	২০,০০০ (বিশ হাজার) টাকা
ভর্তি পরীক্ষা	:	২৭ মার্চ ২০২৬
ভর্তি পরীক্ষার ফল প্রকাশ	:	২৮ মার্চ ২০২৬
রুাস শুরুর তারিখ	:	১৫ এপ্রিল ২০২৬


২৪/০২/২৬